এই নির্দেশিকাটি অডিও ফরম্যাট-এ এবং নিচের ভাষাগুলিতেও পাওয়া যায়।

Arabic
زُر NYC.gov/readyny للحصول على نسخ باللغة العربية من هذا الدليل.

Bengali
এই নির্দেশিকাটির বাংলা কপির জন্য NYC.gov/readyny দেখুন

Chinese
請撥打311或訪問NYC.gov/readyny，獲得本指南的中文版本。

English
Call 311 or visit NYC.gov/readyny for copies of this guide in English.

French
Visitez NYC.gov/readyny pour obtenir des exemplaires de ce guide en français.

Haitian Creole
Ale nan sitwèb NYC.gov/readyny pou jwenn kopi gid sa a nan lang Kreyòl Ayisyen.

Italian
Visita il sito NYC.gov/readyny per ricevere una copia di questa guida in italiano.

Korean
한국어로 된 안내서 사본은 NYC.gov/readyny를 방문하십시오.

Polish
Kopia w języku polskim jest opublikowana pod adresem NYC.gov/readyny.

Russian
Позвоните по номеру 311 или посетите сайт NYC.gov/readyny, чтобы получить эту брошюру на русском языке.

Spanish
Llame al 311 o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

Urdu
اس رہنما پرچے کی کاپی اردو زبان میں حاصل کرنے کے لیے NYC.gov/readyny ملاحظہ کریں۔

Yiddish
באזוכט NYC.gov/readyny פאר קאפיס פון דעם פאפיר אין אידיש.

Bengali, 2014 Edition

প্রস্তুত নিউ ইয়র্ক

বন্যা

ইমারজেন্সি ম্যানেজমেন্ট অফিস
পরিবেশ সুরক্ষা বিভাগ
Bill de Blasio, মেয়র



বিজ্ঞানীরা বিশ্বাস করেন যে পরিবর্তনশীল আবহাওয়ার গতিপ্রকৃতি নিউ ইয়র্ক সিটিতে আরো বেশি ঝড়বৃষ্টি ডেকে আনতে পারে। এই তীব্র ঝড়গুলির ফলস্বরূপ রাস্তাঘাট বিপজ্জনকভাবে প্লাবিত হতে পারে, নর্দমার পানি ঘরে ঢুকে আসতে পারে, আর স্বাস্থ্য ও সম্পত্তির গুরুতর আশঙ্কা দেখা দিতে পারে। যদিও সিটি কার্যকরভাবে বৃষ্টির পানিকে সামলানোর চেষ্টা করে, তবুও বাসিন্দারা নিজেদের সুরক্ষিত রাখার জন্য কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে পারেন।

বন্যার আগে

আপনার ঝুঁকি নির্ধারণ করুন

নীচু উপকূলবর্তী অঞ্চল এবং একতলা ও দোতলার উচ্চতাগুলিতে স্বাভাবিকভাবেই বন্যার ঝুঁকি বেশি থাকে। আপনার বাড়ির ঝুঁকি নির্ধারণ করার জন্য, www.floodsmart.gov দেখুন।

একটি পরিকল্পনা তৈরি করুন

- আপনার বিমার এজেন্ট, নিয়োগকর্তা, ও পরিবারের সদস্যদের সঙ্কটকালীন যোগাযোগের তথ্য প্রদান করুন, যাতে বন্যার পরে আপনার সঙ্গে যোগাযোগ করা যায়, এবং একটি এমার্জেন্সি রেফারেন্স কার্ড পূরণ করুন।
- আপনার বিমার এজেন্ট, নিয়োগকর্তা, ও পরিবারের সদস্যদের সঙ্কটকালীন যোগাযোগের তথ্য প্রদান করুন, যাতে বন্যার পরে আপনার সঙ্গে যোগাযোগ করা যায়, এবং একটি এমার্জেন্সি রেফারেন্স কার্ড পূরণ করুন।
- আপনাকে যদি বাড়ি ছেড়ে চলে যেতে হয়, তাহলে আপনার যে সব জিনিস প্রয়োজন হবে সেগুলি ভর্তি করে একটা গো ব্যাগ প্রস্তুত রাখুন। কিভাবে গো ব্যাগ গোছাতে হয় তা জানতে NYC.gov/readyny দেখুন বা ফোন করুন 311 নম্বরে (TTY: 212-504-4115)।

আপনার বিমার প্রয়োজনগুলি বুঝুন

বন্যাজনিত ক্ষয়ক্ষতি বাড়ির মালিকদের জন্য একটি সাধারণ পলিসির আওতায় পড়ে না। বন্যার বিমা কিনে আপনার বাড়িকে সুরক্ষিত রাখুন।

আপনি কোথায় থাকেন বা আপনার বাড়িতে বন্যার ইতিহাস আছে কি না তার ভিত্তিতে আপনাকে বিমা দিতে অস্বীকার করা যায় না। রাষ্ট্রীয় সরকারের জাতীয় বন্যা বিমা কর্মসূচি [National Flood Insurance Program (NFIP)]-এর মাধ্যমে বেশির ভাগ বিমা প্রদান করা হয়, এবং বিমা কেনার 30 দিন পরে তা কার্যকরী হয়।

আপনার প্রিমিয়ামের আনুমানিক হিসাব জানতে, বা বন্যার বিমা সম্বন্ধে আরো জানতে, NFIPএর ওয়েবসাইট www.floodsmart.gov দেখুন বা (888) 379-9531 নম্বরে ফোন করুন।

অবগত থাকুন

ফেসবুক এবং টুইটার-এ OEM
www.facebook.com/NYCemergencymanagement
@nycoem

নোটিফাই NYC
NYC.gov/notifynyc এ গিয়ে বা 311 নম্বরে ফোন করে, বা টুইটারে @NotifyNYC অনুসরণ করে
সঙ্কটকালীন বিজ্ঞপ্তির জন্য নিবন্ধন করুন।

আপনার ঝুঁকি কমান

সবুজ জায়গা
গাছপালা, বৃক্ষ ও ঘাস বৃষ্টির পানিকে শুষে নিতে সাহায্য করতে পারে। যেখানে সম্ভব, বৃক্ষরোপণ করুন আর আপনার সম্পত্তিতে সবুজ জায়গার উপরে শান বাঁধানো থেকে বিরত থাকুন। আপনার রাস্তায় একটি গাছ লাগানোর অনুরোধ করতে www.milliontreesnyc.org দেখুন বা 311 (TTY:212-504-4115) নম্বরে ফোন করুন।

ব্যাকওয়াটার ভালভ
একটি ব্যাকওয়াটার ভালভ ভারি বৃষ্টিপাতের সময় পাইপ থেকে নর্দমার পানি প্রবাহিত হয়ে আপনার বাড়িতে ঢুকে আসা আটকাতে সাহায্য করতে পারে।

নিউ ইয়র্ক সিটির নির্মাণ বিধি অনুযায়ী অনেক নতুন বাড়িতে ও গুরুত্বপূর্ণ সংস্কারগুলির ক্ষেত্রে ভালভ লাগানো বাধ্যতামূলক। কাজটা অবশ্যই একজন লাইসেন্সপ্রাপ্ত কলের মিস্ত্রীকে দিয়ে করাতে হবে।

এটা লাগানোর পরে, নির্দিষ্ট সময় অন্তর ভালভ পরিদর্শন করুন, যাতে নিশ্চিত হওয়া যায় যে আপনার প্রয়োজনের সময় এটা কাজ করবে।

গ্রাউন্ড ফল্ট ইন্টারাপ্টার (GFI)
ইলেক্ট্রিকাল রিসেপ্টেকল-এর সাথে সংযুক্ত একটি গ্রাউন্ড ফল্ট ইন্টারাপ্টার (GFI) সার্কিট বন্যার সময়ে বিদ্যুতের শক লাগা বা বিদ্যুৎস্পৃষ্ট হওয়া প্রতিরোধ করতে পারে। GFI-গুলির সঙ্গে তার সংযোগের কাজটা অবশ্যই একজন লাইসেন্সপ্রাপ্ত ইলেক্ট্রিসিয়ানকে দিয়ে করাতে হবে।

দ্রষ্টব্য: কোনো একজন কলের মিস্ত্রী বা ইলেক্ট্রিসিয়ানের বৈধ লাইসেন্স আছে কি না তা যাচাই করতে, NYC.gov/buildings দেখুন বা 311 (TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন। এই ধরনের কোনো উন্নয়নের জন্য একাধিক ঠিকাদারের থেকে দর নিন।

রাস্তার থেকে নীচু সম্পত্তিগুলি
যদি আপনার সম্পত্তির কোনো অংশ রাস্তার থেকে নীচু হয়, তাহলে বৃষ্টির পানি আপনার বাড়ির ভিতরে ঢুকে আসা আটকানোর কিছু কৌশল বিবেচনা করুন, যেমন ঢাল পরিবর্তন করা, সবুজ জায়গা সংযোজন করা বা বাস্তব বাধা নির্মাণ করা।

ভারি বৃষ্টিপাতের সময় বা তার আগে, আপনার অঞ্চলের ক্যাচ বেসিন (পানি নালীতে প্রবেশ করার জালি) থেকে আবর্জনা সরান, যাতে পানি ঢুকতে পারে।

আপনার উঠোন থেকে পাতা তুলে ফেলুন, যাতে সেগুলো রাস্তা ও ক্যাচ বেসিনকে বুজিয়ে দিতে না পারে।

আপনার বাড়িকে রক্ষা করার জন্য বালির বস্তা, প্লাস্টিকের শীট, ও কাঠের মত জিনিসগুলো হাতের কাছে রাখুন, বিশেষত আপনি যদি বন্যাপ্রবণ অঞ্চলে বসবাস করেন।

আপনি কিভাবে নিজের বাড়ি ও অঞ্চলকে বন্যার থেকে রক্ষা করতে পারেন সেই বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য NYC.gov/dep দেখুন বা 311 (TTY: 212-504-5115) নম্বরে ফোন করুন।

বন্যার সময়

- আপনার জীবন বা স্বাস্থ্যের কোনো বিপদ থাকলে, অবিলম্বে 911 নম্বরে ফোন করুন (অর্থাৎ, আপনি যদি দ্রুত পানির উচ্চতা বাড়তে দেখেন, যা ইলেক্ট্রিকাল সিস্টেমে পৌঁছে যেতে পারে, আপনি যদি আটকে পড়েন, ইত্যাদি)।
- 311 (TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন, যদি আপনার বাড়ি আশঙ্কাগ্রস্ত হয় (অর্থাৎ, আপনার বাড়ির একতলা বা রাস্তা যদি প্লাবিত হয়, নর্দমার পানি আপনার বাড়িতে ঢুকে আসে, ইত্যাদি)।
- দামী জিনিসপত্র, গুরুত্বপূর্ণ নথিপত্র, এবং আবেগগত দিক থেকে মূল্যবান জিনিসগুলিকে উপরের তলায় রাখুন।
- মেন সুইচ বা ভালভ থেকে গ্যাস ও বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করুন এবং বৈদ্যুতিক যন্ত্রপাতির সংযোগ বিচ্ছিন্ন করুন।
- পানিতে ভেসে যাওয়া রাস্তা দিয়ে হাঁটা বা গাড়ি চালানো এড়িয়ে চলুন। মাত্র ছয় ইঞ্চি গভীর পানির স্রোতই একজন মানুষকে ফেলে দিতে পারে। এক বা দু ফুট গভীর পানি একটা গাড়িকে ভাসিয়ে নিয়ে যেতে পারে।
- বন্যার পানি দূষিত হতে পারে। নর্দমার জলের সাথে স্পর্শ এড়িয়ে চলুন, যেহেতু এটা স্বাস্থ্যের পক্ষে গুরুতর ঝুঁকি ডেকে আনতে পারে।
- বিদ্যুতের লাইন ঝুলে পড়লে তা রিপোর্ট করুন, আর বন্যার পানিতে দাঁড়িয়ে থাকা এড়িয়ে চলুন, যেহেতু এর মধ্যে দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হতে পারে।
- কোনো বাড়ি যদি চারদিকে বন্যার পানি দিয়ে ঘেরা থাকে, তাহলে তার বাইরে থাকবেন।

প্র: বন্যার সময় আমার পানি কি খাওয়ার পক্ষে নিরাপদ?
উ: হ্যাঁ। পানীয় পানি আর নর্দমার পানি আলাদা পাইপের মধ্যে দিয়ে প্রবাহিত হয়, তাই বন্যার সময় বা নর্দমার পানি ভিতরে ঢুকে আসার সময় আপনার কলের পানি খাওয়া সাধারণত নিরাপদ।
দ্রষ্টব্য: ভারি বৃষ্টির সময় টয়লেট ফ্লাশ করবেন না বা পানি চালাবেন না, যেহেতু ব্যাকওয়াটার ভালভ এই পানিকে আপনার বাড়ি থেকে প্রবাহিত হয়ে বেরতে বাধা দেবে।

বন্যার পরে

আপনার যদি বন্যার বিমা থাকে, তাহলে অবিলম্বে আপনার এজেন্টের সঙ্গে যোগাযোগ করুন। আপনার সম্পত্তির যে কোনো ক্ষতির ছবি তুলুন আর প্রতিস্থাপিত জিনিসপত্র বা মেরামতের কাজের রসিদগুলি জমিয়ে রাখুন।

বন্যায় গুরুতর ক্ষতি হওয়া কোনো বাড়িতে আবার ঢোকার আগে, একজন আর্কিটেক্ট বা ইঞ্জিনিয়ারকে দিয়ে এর নিরাপত্তা মূল্যায়ন করান।

নিরাপদে পরিষ্কার করুন

- সাফাই করার সময় লম্বা হাতা জামা, মজবুত জুতো, আর রবারের দস্তানা পরুন।
- যদি ছত্রাক থাকে, তাহলে চশমা ও মাস্ক (মুখোশ) পরুন।
- ছত্রাকের বৃদ্ধি প্রতিরোধ করতে, সমস্ত জায়গা ও জিনিসগুলিকে দ্রুত ও ভালভাবে শুকিয়ে নিন।
- সমস্ত পোশাক ও কাপড়কে সংক্রমণ থেকে মুক্ত করতে, সেগুলিকে ড্রাই-ক্লিন করুন বা কাচুন ও শুকোন।
- মেঝে, আসবাবপত্র, ও অন্যান্য জিনিসের পৃষ্ঠতল থেকে দৃশ্যমান ময়লাকে ডিটারজেন্ট ও পানি দিয়ে দূর করুন।
- যদি বন্যার পানিতে নর্দমার পানি থাকে, তাহলে সরাসরি এর স্পর্শ এড়ানোর জন্য অতিরিক্ত সতর্কতা নিন। পানি প্রতিরোধক দস্তানা ও বুটজুতো পরুন এবং আপনার হাত, শরীর ও পোশাক সাবান ও পানি দিয়ে ধুয়ে নিন।
- নর্দমার পানির দ্বারা প্রভাবিত সমস্ত পৃষ্ঠতলকে পাতলা ব্লীচ গোলা পানি দিয়ে সংক্রমণমুক্ত করুন।
- কিভাবে ছত্রাকের বৃদ্ধি প্রতিরোধ করা যায় এবং নির্দিষ্ট জিনিসকে পরিষ্কার করা যায়, সেই বিষয়ে পরামর্শের জন্য NYC.gov/health দেখুন বা 311 (TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।

সতর্কীকরণ: ব্লীচকে কখনও অ্যামোনিয়ার সঙ্গে বা অ্যামোনিয়াযুক্ত অন্য কিছুর সাথে মেশাবেন না, যেহেতু এর ফলে বিপজ্জনক গ্যাস তৈরি হতে পারে।

অতিরিক্ত উৎসসমূহ

ফেডারাল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (FEMA)
www.fema.gov, (800) 621-FEMA
- আর্থিক সহায়তা, অস্থায়ী আবাসন

FEMA অঞ্চল 2 উপকূলবর্তী মানচিত্রায়ন
www.region2coastal.com
- সবচেয়ে সাম্প্রতিক বন্যার মানচিত্র, ডাউনলোডের জন্য লভ্য

U.S. ক্ষুদ্র ব্যবসা পরিচালনা
www.sba.gov, (800) 659-2955
- আপনার ব্যবসা বা বাড়িকে বন্যার জন্য প্রস্তুত রাখতে সাহায্য করার জন্য আর্থিক সহায়তা
- বাড়ি মেরামত, সম্পত্তি প্রতিস্থাপন, ব্যবসা পুনরুদ্ধার

U.S. আবাসন ও নগরোন্নয়ন বিভাগ
(888) 297-8685
- আপনার ব্যবসা বা বাড়িকে বন্যার জন্য প্রস্তুত রাখতে সাহায্য করার জন্য আর্থিক সহায়তা
- বন্ধকী সম্পত্তির দখলগ্রহণ সংক্রান্ত পরিত্রাণ

NYC পরিবেশ সুরক্ষা বিভাগ
NYC.gov/dep
- বন্যা, বৃষ্টির পানি ব্যবস্থাপনা, নর্দমার পানি ও পানি সরবরাহ ব্যবস্থার তথ্য

NYC সঙ্কটকালীন ব্যবস্থাপনার অফিস
NYC.gov/readyny, ঘূর্ণিঝড় ও নিউ ইয়র্ক সিটি নির্দেশিকা
- বন্যা ও সঙ্কটকালীন প্রস্তুতি

NYC শারীরিক ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ
NYC.gov/health
- বন্যার পরে পরিষ্কার করা, ছত্রাক প্রতিরোধ

NYC মানব সম্পদ পরিচালনা
NYC.gov/hra, (877) 472-8411
- সঙ্কটকালীন খাদ্য, আশ্রয় ও আর্থিক সহায়তা

NYC স্যান্ডি থেকে উদ্ধার
NYC.gov/recovery
- হারিকেন স্যান্ডি থেকে উদ্ধার পেতে নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য শহরের প্রয়াস সম্বন্ধে তথ্য

বৃহত্তর নিউ ইয়র্কে আমেরিকান রেড ক্রস
www.nyredcross.org, (877) 733-2767
- খাদ্য, পোশাক, ভাড়া ও ওষুধপত্রের জন্য সহায়তা

নেইবারহুড হাউসিং সার্ভিসেস অফ নিউ ইয়র্ক সিটি, ইনকঃ
www.nhsnyc.org, (212) 519-2500
- গৃহ পুনঃনির্মাণের ঋণ, নির্মাণ পরিষেবা, বন্ধক রাখার সহায়তা

বিমার সংস্থান

নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগ
www.dfs.ny.gov, (800) 342-3736

জাতীয় খাদ্য বিমা কর্মসূচি
www.floodsmart.gov, (888) 379-9531